26/4

তারিখ ... 13 MAY 1990
পৃষ্ঠা ... ... কলাম

# এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিন

(১ম পাতার পর)

উপজেলার ১১টি কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের অভিযোগে ৬৩ জনকে বহিষ্কার করা হয়েছে। নকল সরবরাহের অভিযোগে মানিকগঞ্জ সদরের ৩টি কেন্দ্র থেকে ৩জন বহিরাগতকে গ্রেফতার করা হয়।

শিবালয় সরকারী উচ্চ বিদ্যালয় কেন্দ্রে একই অভিযোগে ভ্রাম্যমাণ আদালতে ২ জন বহিরাগত নকল সরবরাহকারীর কাছ থেকে ৭শ' টাকা জরিমানা আদায় করা হয়। এছাড়াও ঐ কেন্দ্রে কর্তব্যে অবহেলার অভিযোগে ৪জন শিক্ষককে পরিদর্শকের দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়েছে।

## কুমিল্লা

কুমিল্লা থেকে নিজস্ব সংবাদদাতা জানান ঃ কুমিল্লা জেলার ১২টি উপজেলার বিভিন্ন কেন্দ্রে এস,এস,সি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৪৬৯ জনকে বহিষ্কার করা হয়েছে। এছাড়া নকল সরবরাহের অভিযোগে ৩জন শিক্ষককে বহিষ্কার, ৬৩জন বহিরাগত ও বুড়িচং-এ ১ জন ভুয়া পরীক্ষার্থীকে গ্রেফতার করা হয়েছে।

## জামালপুর

জামালপুর থেকে জেলা বার্তা পরিবেশক জানান ঃ এস,এস,সি পরীক্ষার দ্বিতীয় দিনে গতকাল জামালপুর জেলার ৭টি কেন্দ্র থেকে নকল করার অভিযোগে ২শ' ৩৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এছাড়াও নকল সরবরাহের অভিযোগে বক্সি বাজার কেন্দ্র থেকে একজন গ্রেফতার ও একজনকে পরিদর্শককে বহিষ্কার করা হয়েছে।

এর মধ্যে ইসলামপুর কেন্দ্র থেকে ১শ' ৪, সরিষাবাড়ি থেকে ৪৪, দেওয়ানগঞ্জ থেকে ৩৩, মাদারগঞ্জ থেকে ২৩, মেলান্দহ থেকে ১১ এবং জামালপুর সদর থেকে ১৩ জনকে বহিষ্কার করা হয়েছে।

জেলা সদর ছাড়া বাকী ৬টি উপজেলার পরীক্ষা কেন্দ্রগুলোতে ব্যাপক হারে নকল করা হচ্ছে বলে খবরে প্রকাশ।

## বগুড়া

বগুড়া থেকে নিজস্ব সংবাদদাতা জানান ঃ এস,এস,সি পরীক্ষার দ্বিতীয় দিনে বগুড়ার বিভিন্ন কেন্দ্রে ২জন শিক্ষকসহ ৫১৯ জনকে বহিষ্কার করা হয়েছে। শহরের বাইরের কেন্দ্রগুলোতে শিক্ষকদের সহযোগিতায় পরীক্ষার্থীরা নকল করেছে। অধিকাংশ কেন্দ্রে কড়াকড়ি করা হলেও শিক্ষকদের সামনে ছাত্ররা খোলাখুলিভাবে নকল করেছে।

গাবতলি কেন্দ্রে পরীক্ষা শুরুর পর পরই কর্তব্যরত ম্যাজিস্ট্রেট পরীক্ষার্থীদের দেহতল্লাশি চালিয়ে নকল বের করেন।

বিনা বাধায় সারিয়াকান্দি কেন্দ্রে নকল হয়েছে। ওই কেন্দ্রে ম্যাজিস্ট্রেটের উপস্থিতি শিক্ষকরা পরীক্ষার্থীদের বিভিন্ন সংকেত দিয়ে জানিয়ে দেয়া হন।

শিবগঞ্জে নকল সরবরাহের সময় ইউপি চেয়ারম্যানসহ ৫ জনকে গ্রেফতার করা হয়।

## রংপুর

রংপুর থেকে নিজস্ব সংবাদদাতা জানান ঃ রংপুর জেলার ১৫টি কেন্দ্র থেকে মোট ২শ' ৪৭ জন এস,এস,সি পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের অভিযোগে গতকাল বহিষ্কার করা হয়।

এর মধ্যে রংপুর সদর থেকে ৬, গঙ্গাচরা থেকে ২, বদরগঞ্জ থেকে ১শ' ৭, পীরগঞ্জ থেকে ২৬, তারাগঞ্জ থেকে ১১, মিঠাপুকুর থেকে ৩৭, কাউনিয়া থেকে ২৩ ও পীরগাছা থেকে ২৫ জনকে বহিষ্কার করা হয়েছে।

## নওগাঁ

নওগাঁ জেলার ১৩টি কেন্দ্রের ১৯টি থেকে মোট ৭৭ জন পরীক্ষার্থীকে গতকাল বহিষ্কার করা হয়েছে বলে নিজস্ব সংবাদদাতা জানান।

## লক্ষীপুর

লক্ষীপুর থেকে নিজস্ব সংবাদদাতা জানান ঃ লক্ষীপুর জেলার ৪টি কেন্দ্র থেকে মোট ৫৫ জন এস,এস,সি পরীক্ষার্থীকে গতকাল বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃত পরীক্ষার্থীরা হলো লক্ষীপুর সদর কেন্দ্রের ২৬ জন, রামগঞ্জ কেন্দ্রের ১৬ জন, রায়পুর কেন্দ্রের ২ জন এবং রামগতি কেন্দ্রের ১১জন।

এছাড়া পরীক্ষার্থীকে নকল করতে সহায়তা করার অভিযোগে ৩ জন পরিদর্শককেও বহিষ্কার করা হয়েছে। পুলিশ লক্ষীপুর কেন্দ্র থেকে নকল সরবরাহ করার কারণে একজন বহিরাগতকে গ্রেফতার করেছে।

## রাঙ্গামাটি

রাঙ্গামাটি থেকে নিজস্ব সংবাদদাতা জানান ঃ রাঙ্গামাটি জেলার ৪টি কেন্দ্র থেকে ২৩ জন এস,এস,সি পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

রাঙ্গামাটি সরকারী উচ্চ বিদ্যালয় ১৭, কাউখালী কোয়াপাড়া উচ্চ বিদ্যালয় ১জন, নারায়ণগিরি উচ্চ বিদ্যালয় ৩ জন ও কর্ণফুলী বিদ্যুৎ কেন্দ্র থেকে ২জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

তাছাড়া নকল সরবরাহের দায়ে গত পরশু কাউখালী কোয়াপাড়া উচ্চ বিদ্যালয়ের একজন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে।

## খুলনা

খুলনা থেকে জেলা বার্তা পরিবেশক জানান ঃ গতকাল এস,এস,সি পরীক্ষার দ্বিতীয় দিনে খুলনা শহর এবং বিভিন্ন উপজেলায় পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য ৫২ জনকে বহিষ্কার করা হয়েছে।

## কুষ্টিয়া

কুষ্টিয়া থেকে নিজস্ব সংবাদদাতা জানান ঃ সদর উপজেলার ৬টি কেন্দ্রে ৩২ জন বহিষ্কৃত হয়েছে। পরীক্ষা চলাকালে সরকারী বালিকা বিদ্যালয় কেন্দ্রে বিক্ষিপ্ত সংঘর্ষে ১ জন পুলিশ আহত হয়েছে। এ ব্যাপারে ৪ জনকে আটক করা হয়েছে।

## পটুয়াখালী

পটুয়াখালী থেকে নিজস্ব সংবাদদাতা জানান ঃ পটুয়াখালী জেলার ৬টি কেন্দ্র থেকে ৭১ জন পরীক্ষার্থীকে গতকাল বহিষ্কার করা হয়েছে।

এর মধ্যে পটুয়াখালী সদর ৩৪ জন, বাউফল ৯, দশমিনা ৯, গলাচিপা ৮, ক্ষেপুপাড়া ৪ ও মীর্জাগঞ্জ ৭ জনকে বহিষ্কার করা হয়েছে।

নকল সরবরাহের অভিযোগে পটুয়াখালী ও ক্ষেপুপাড়া পরীক্ষা কেন্দ্র থেকে দু'জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। জেলার বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে গণটোকাটুকির খবর পাওয়া গেছে।

## ব্রাহ্মণবাড়িয়া

ব্রাহ্মণবাড়িয়া থেকে নিজস্ব সংবাদদাতা ফোনে জানানঃ পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে জেলার ৬টি কেন্দ্রে ৭৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে এবং নকল সরবরাহের অভিযোগে নবীনগর কেন্দ্রে বহিরাগত কামাল হোসেন নামে ১জনকে গ্রেফতার করা হয়েছে। এছাড়া ২জন পরিদর্শককেও বহিষ্কার করা হয়েছে।

## যশোর

যশোর থেকে জেলা বার্তা পরিবেশক জানানঃ যশোর শিক্ষা বোর্ডের ১২টি কেন্দ্রে অসদুপায় অবলম্বনের অভিযোগে ১০১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

## পিরোজপুর

পিরোজপুর থেকে নিজস্ব সংবাদদাতা জানানঃ পিরোজপুর জেলার পাঁচটি পরীক্ষা কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে গতকাল ৬১ জন এস,এস,সি পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এর মধ্যে পিরোজপুর শহর কেন্দ্রে ৪৫ জন, কাউখালী কেন্দ্রে ৬ জন, স্বরূপকাঠি কেন্দ্রে ৬ জন, নাজিপুর কেন্দ্রে ৩ জন এবং মঠবাড়িয়া কেন্দ্রে ৩ জনকে বহিষ্কার করা হয়।

## সাভার

গতকাল এস,এস,সি পরীক্ষার দ্বিতীয় দিনে সাভার অধর চন্দ্র উচ্চ বিদ্যালয়ে নকল করার অভিযোগে ৬ জনকে বহিষ্কার করা হয়েছে।

## ঠাকুরগাঁ

ঠাকুরগাঁ জেলার ৫টি কেন্দ্র থেকে মোট ১শ' ৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

## নীলফামারী

নীলফামারীর ৬টি কেন্দ্র থেকে ৫৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

## গফরগাঁও

গফরগাঁও কেন্দ্রে গতকাল ৪৫জন পরীক্ষার্থী ও ৩ জন পরিদর্শক বহিষ্কৃত হয়েছে।